

আবু নাসের মো. ওয়াহিদ
অধিকর্তা
আইন অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী, বাংলাদেশ



Abu Naser Md. Wahid
DEAN
Faculty of Law
University of Rajshahi
Rajshahi, Bangladesh

স্মারক নং- ১৫১/আঃঅনুঃ

তারিখঃ ২০/১২/২০১৭

অতিরিক্ত আসনে ভর্তি বিজ্ঞপ্তি

বি-ইউনিট (আইন অনুষদ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষের ভর্তি পরীক্ষার উত্তীর্ণ খান মোহাম্মদ হাবীব সাকলাইন ভর্তি পরীক্ষার রোল বি-২, ৪১৫১০, মেধাক্রম ৮০ সে শারীরিক অসুস্থতার কারণে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারে নাই মর্মে ডাক্তারের চিকিৎসা সনদসহ আবেদন করলে মাননীয় উপাচার্য মহোদয়ের ভর্তির অনুমতি প্রদান ও নির্দেশের প্রেক্ষিতে তার শারীরিক অসুস্থতার বিষয়টি বিবেচনা করে ভর্তি পরীক্ষা পরিচালনা ও নীতি নির্ধারণী কমিটির সভায় বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষা ও কাগজপত্র যাচাই বাছাই পূর্বক তাকে আইন অনুষদ বি-ইউনিটের আইন ও ভূমি প্রশাসন বিভাগে অতিরিক্ত আসনে ভর্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বি-ইউনিট (আইন অনুষদ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ এলএলবি (সম্মান) শ্রেণীতে আগামী ২৪/১২/২০১৭ তারিখে ভর্তি হতে হবে। উক্ত তারিখে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

অনলাইনে পূরণকৃত প্রিন্টেড ভর্তি ফরমে স্বাক্ষর করে আইন অনুষদ দপ্তরে জমা দেয়ার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে A4 সাইজের একটি খামের উপরে পরীক্ষার্থীর নাম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, বিভাগের নাম, ক্লাস রোল নম্বর/স্টুডেন্ট আই.ডি. নম্বর এবং মোবাইল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ (পরীক্ষার্থী নিজে উপস্থিত থেকে) জমা দিতে হবেঃ

- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট করা দুই কপি (পরীক্ষার্থীর স্বাক্ষরসহ A4 সাইজ অফসেট কাগজে);
- এস.এস.সি/সম্মান পরীক্ষার মূল সার্টিফিকেট ও মূল মার্কসীট;
- এইচ.এস.সি/সম্মান পরীক্ষার মূল মার্কসীট;
- এইচ.এস.সি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড;
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত Candidate Copy);

পরীক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

(আবু নাসের মো. ওয়াহিদ)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা-২০১৭-১৮

বি-ইউনিট (আইন অনুষদ)

ও

ডীন

আইন অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।